সোনালী ব্যাংক পিএলসি.

**SONALI BANK PLC.**

বিশ্বস্ত ও স্মার্ট

## অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ ধারা মোতাবেক
## বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি

ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ মেসার্স লামিয়া কসমেটিকস, প্রোঃ মোঃ সাখাওয়াত হোসেন, পিতাঃ মোঃ কামাল হোসেন, ঠিকানাঃ মুনসেফেরচর, পুটিয়া, শিবপুর, নরসিংদী (জামিনদাতা জনাব মোঃ কামাল হোসেন) এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র শাখা হতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/জামিনদাতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে গত ১০.০৭.২০২৫ ইং তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা ৬,৫৪,৮৯৭/-টাকা (কথায়ঃ ছয় লক্ষ চুয়ান্ন হাজার আটশত সাতানব্বই টাকা মাত্র) এবং তৎপরবর্তী আদায়কালতক অনারোপিত সুদসহ ও অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন বর্ণিত হাইপোঃ/বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মনাদি সহ) অর্থ ঋণ আদালত আইন- ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকীকৃত সম্পত্তির তফসিল**

জেলা-নরসিংদী, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস- শিবপুর, মৌজা- কামারগাওঁ

| ক্র নং | জে এল নং | খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ | চৌহদ্দি | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | দাগ নং-৩৩২৩ | দাগ নং-৩৩২৫ |
| ১ | জনাব মোঃ কামাল হোসেনের মালিকানাধীন জেলাঃ নরসিংদী, উপজেলা ও এসআর অফিসঃ শিবপুর মৌজা-কামরগাঁও, জেএল নং-সিএস-৩৪৯, এসএ-৫৬, আরএস-৫৩; | সিএস-৫৭৯,৯১৪, এসএ-৯৭০, ৫৯৯,আরএস-৭৩৭ খারিজা খতিয়ান নং-২২১২, জোত নং-২৯৮৭ (আর.এস ভিত্তিক) | সিএস ও এসএ-১৩৯৩,১৩৯২, আরএস-৩৩২৩, ৩৩২৫. | ০২ টি আরএস দাগে জমির পরিমাণ-(৪.০০+১৭.০০)=২১.০০ শতাংশ ও তদুস্থিত নির্মাণাদি | উত্তরে ঃ মতিউর<br>দক্ষিণে ঃ দেলোয়ার<br>পূর্বে ঃ দেলোয়ার<br>পশ্চিমে ঃ রাস্তা | উত্তরে ঃ নিজ<br>দক্ষিণে ঃ মতিউর<br>পূর্বে ঃ ফজলুর রহমান<br>পশ্চিমে ঃ দেলোয়ার |

**শর্ত সমূহ ঃ**

০১) আগামী ২২/০৯/২০২৫ ইং তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সপাল অফিস, নরসিংদীতে রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐদিন বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ সময়ের মধ্যে উক্ত অফিসে পৌছাইতে হইবে।

০২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপরে স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল ঃ

| আর্নেষ্ট মানি/জামানতের পরিমান | | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|---|
| ক) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের | ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| খ) উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের | ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| গ) উদ্ধৃত দর ৫০.০১ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের | ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

০৪) দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্ত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর আপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময়সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সাথে সমন্বয় করা হইবে।

০৫) দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

০৬) দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পরিবেন। তবে একই তফসিলভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

০৭) নিলামক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলামক্রেতার অনুকূলে মালামাল বা সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

০৮) ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবি/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যাতিরেকেই যেকোন দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০) দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জমানতের টাকা সর্বোচ্চ ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১) নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যাক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

ম্যানেজার